**জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে অনুষ্ঠিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম

তারিখ : ১৭ জুলাই, ২০২৩ খ্রি. সময় :সকাল ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে অনুরোধ জানান। তিনি এবারের জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ের অনুমোদিত কর্মসূচীসমূহ পাঠ করে শোনান এবং সে আলোকে অত্র উপজেলার জন্য কর্মসূচী নির্ধারণে উপস্থিত সদস্যদের মতামত কামনা করেন। এ বছরের প্রতিপাদ্য বিষয় **"নিরাপদ মাছে ভরবো দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ,** এর সফল বাস্তবায়নের লক্ষ্যে পুকুর, নদী-নালা, খাল-বিল, প্লাবন ভূমিতে মাছ চাষ ও কর্মসংস্থান সৃষ্টি, জলজ পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণসহ মৎস্য আইনের যথাযথ বাস্তবায়নের লক্ষ্য অর্জনে সকলের সক্রিয় সহযোগিতা কামনা করেন। উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে আলোচনা পর্যালোচনা করার পর কেন্দ্র থেকে প্রেরিত কর্মসূচীর সাথে সমন্বয় রেখে কোম্পানীগঞ্জ উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতভাবে নিম্নোক্ত কর্মসূচী ও কর্মপন্থা নির্ধারণ করা হয়। সভাপতি মহোদয় "জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩" উদ্‌যাপনে সকল কর্মসূচী বাস্তবায়নে গৃহীত কর্মসূচী পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

**জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ (২৪ জুলাই-৩০জুলাই ২০২৩) উদ্‌যাপনের নিমিত্তে গৃহীত কর্মসূচী :**

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম দিন সোমবার ২৪/০৭/২৩ | ব্যানার ফেস্টুন ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা | কোম্পানীগঞ্জ উপজেলার গুরুত্বপূর্ণ হাট বাজার | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| | মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মত বিনিময় সভা আয়োজন | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | | |
| ২য় দিন মঙ্গলবার ২৫/০৭/২৩ | ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র‍্যালি | উপজেলা পরিষদ চত্তর | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| | উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ | উপজেলা পরিষদ পুকুর | | |
| | উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা | উপজেলা পরিষদ মিলনায়তন | | |
| | স্থানীয় পর্যায়ে সফল মৎস্য চাষি/ব্যক্তি/উদ্যোক্তা/ প্রতিষ্ঠানকে মৎস্য পুরস্কার প্রদান | | | |
| | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন | | | |
| ৩য় দিন বুধবার ২৬/০৭/২৩ | প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় | চর এলাহী ইউনিয়ন পরিষদ ভবন | উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| ৪র্থ দিন বৃহস্পতিবার ২৭/০৭/২৩ | উপজেলার গুরুত্বপূর্ণ এলাকায় মৎস্যচাষিদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরীক্ষা | চর কচ্চাপিয়া ভূমিহীন বাজার | উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| ৫ম দিন শুক্রবার ২৮/০৭/২৩ | উপজেলার গুরুত্বপূর্ণ এলকায় মৎস্যচাষিদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পুকুর/ জলাশয়ের পানির ভৌত - রাসায়নিক পরীক্ষা | চর কাঁকড়া কলাবাগান | উপজেলা মৎস্য দপ্তর, কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন | চরকাঁকড়া আইপিএম ক্লাব | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ষ্ঠ দিন<br>শনিবার<br>২৯/০৭/২৩ | সুফল ভোগীদের প্রশিক্ষণ | মুছাপুর ক্লোজার | উপজেলা মৎস্য দপ্তর,<br>কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |
| ৭ম দিন<br>রবিবার<br>৩০/০৭/২৩ | জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান | উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা প্রশাসন ও<br>উপজেলা মৎস্য দপ্তর,<br>কোম্পানীগঞ্জ,নোয়াখালী | |

২। সভায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উপলক্ষ্যে মৎস্য চাষে বিশেষ অবদানের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে ১। পোনা উৎপাদনে জনাব মো: নুরুল আমিন সেন্টু সাং: চরকচ্চপিয়া, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ২। উদ্যোক্তা হিসাবে জনাব শাহ আলম পলাশ, প্রো: আলম ট্রেডার্স, বসুরহাট বাজার , কোম্পানীগঞ্জ, নোয়াখালী কে পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কর্মসুচী সমূহ বাস্তবায়নে সহযোগিতার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.৭.২৩

(মোঃ মেজবা উল আলম ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত
উপজেলা কমিটি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নং-৩৩.০২.৭৫২১.৫০১.২৬.০০৪.২৩-১৮২/১(২৬) তারিখ : ১৭/০৭/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৭। উপজেলা কৃষি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৮। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৯। অধ্যক্ষ, বামনী ডিগ্রী কলেজ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১০। সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা) মাকসুদা স:বা:উচ্চ বিদ্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১২। থানার অফিসার ইন চার্জ,কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৩। ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৭। উপজেলা খাদ্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৯। উপজেলা সমবায় কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২০। উপজেলা আসনার ভিডিপি কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২১। সাধারন সম্পাদক উপজেলা ক্রীড়া সংস্থা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২২। সভাপতি ডোরা এনজিও, কোম্পানীজনাবগঞ্জ, নোয়াখালী।
২৩। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ,কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৪। বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি:এর প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৫। প্রকৃত মৎস্যচাষীদের প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৬। সংশ্লিষ্ট নথি।

(মানস মন্ডল)
উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)
ও
সদস্য সচিব
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত
উপজেলা কমিটি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।